

পরিবার পরিকল্পনা বিভাগ, টাঙ্গাইলের সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

বাংলাদেশ একটি ঘন বসতিপূর্ণ দেশ। তন্মধ্যে টাঙ্গাইল জেলা ঘনবসতিপূর্ণ এলাকা। এখানে প্রতি বর্গকিলোমিটারে ১১৮৩ জন লোক বাস করে। ১২টি উপজেলা ১১টি পৌরসভা, ১১২টি ইউনিয়ন, ২৫৯৫টি গ্রাম নিয়ে গঠিত টাঙ্গাইল জেলায় পরিবার পরিকল্পনা বিভাগের ৮০৮জন মাঠ ও ক্লিনিক কর্মী এবং ০২টি অসরকারী সংস্থার সমন্বয়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের জন্য বাংলাদেশ জনসংখ্যা নীতি ২০১২ এর আলোকে জনসংখ্যা নিয়ন্ত্রণ তথা পরিকল্পিত পরিবার গঠনের মাধ্যমে সুখী ও সমৃদ্ধ জাতি গঠনে পরিবার পরিকল্পনা বিভাগ কাজ করে যাচ্ছে। ফলে জনসংখ্যা বৃদ্ধির হার কমে এ জেলায় ০.৯০% হয়েছে(সূত্র বিবিএস) যা জাতীয় পর্যায়ে ১.২২%(সূত্র জনশুমারী ও গৃহগণনা-২০২২) বর্তমানে টাঙ্গাইল জেলায় টিএফআর ১.৯% যা জাতীয় পর্যায়ে ২.২% (সূত্র বিবিএস) এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার(সিপিআর) ৬২.৫%(সূত্র বিবিএস) যা জাতীয় পর্যায়ে ৬২.৪%। মাতৃ মৃত্যু ও শিশু মৃত্যু হার হ্রাসে ৯৪টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ২৪/৭ ঘন্টা প্রসূতি সেবার ব্যবস্থা করা হয়েছে। ফলে ২০২২-২০২৩ অর্থ বছরে ৭৫০ জন জন মাকে নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা দেয়া হয়েছে। ফলশ্রুতিতে মাতৃমৃত্যু ও শিশু মৃত্যু হার হ্রাস পেয়েছে এবং প্রাতিষ্ঠানিক প্রসব সেবা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। এছাড়া টাঙ্গাইল জেলায় মায়ের বুকের দুধপানকারী শিশুর হার ৯৬.৬%(সূত্র বিবিএস) এ উন্নীত হয়েছে।